GEORGE TELEGRAPH
SINCE 1920
www.georgetelegraph.com

# জর্জ বুলেটিন

সংখ্যা ঃ ৫ ● ৯ নভেম্বর ২০২৪

## অঙ্গনওয়ারি কর্মীদের উন্নত শিক্ষায় উৎসাহ দেবে জর্জ টেলিগ্রাফ


Skill India
INDUSTRY CUM IMPLEMENTATION PARTNER
This is to certify that
The George Telegraph Training Institute,West Bengal
is Affiliated with MEPSC for following Job Roles
Pre-School and Day care Facilitator (MEP/Q4101)
for the period Nov 2024 - Oct 2025
MEPSC
Col. Anil Kumar Pokhriyal
NCVET

জর্জ টেলিগ্রাফ শুধু জীবনই বদলে দেয় তাই নয়, পাশাপাশি জীবনে চলার পথে প্রেরণা সঞ্চারও করে থাকে। সম্প্রতি তারা কেন্দ্রীয় সংস্থা MEPSC (Management Entrepreneurship and professional Skills Council) এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত করেছে। ভারত সরকারের এই অনুমোদিত সংস্থা জাতীয় শিক্ষানীতি নির্ধারণ করে থাকে। এই সংস্থা দেশের বুকে প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানদের দায়িত্ব দিয়ে থাকে তারা কীভাবে খুদে শিক্ষার্থীদের শৈশব থেকে শিক্ষার প্রসার ঘটাবে। জর্জের নিজস্ব পরিকাঠামো রয়েছে, তারা পরিচালিত করে জর্জ কিডস স্কুল।

সেই কারণেই কেন্দ্রীয় অনুমোদিত এই সংগঠন জর্জ টেলিগ্রাফকে দায়িত্ব দিয়েছে দেশের অঙ্গনওয়ারি কর্মীদের উন্নত শিক্ষায় শিক্ষিত করতে। তারা বিভিন্ন বিভাগ-এর বিশেষজ্ঞদের দ্বারা অঙ্গনওয়ারি কর্মীদের প্রশিক্ষণ দেবেন। বেসরকারি স্কুল ছাড়াও বহু সরকারি স্কুলে জর্জের মতো নামী শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিশেষজ্ঞরা গিয়ে স্বনির্ভর গোষ্ঠীর কর্মীদের প্রশিক্ষণ দেবেন। জর্জকে এই তালিকার অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই সংস্থা ব্যবসায়িক প্রারম্ভিক প্রকল্প থেকে শুরু করে কর্মসংস্থান নিয়েও দিশা দেখাচ্ছে। MEPSC সারা দেশে স্কিল ডেভলমেন্ট নিয়ে কাজ করে থাকে। জর্জ টেলিগ্রাফকেও তারা এই ছাতার তলায় নিয়ে এলো।

### বিকাশ যোজনার আওতায় জর্জ



প্রধানমন্ত্রী বিকাশ যোজনার আওতায় রয়েছে জর্জ টেলিগ্রাফ। এই সংস্থার মাধ্যমে হাজার হাজার ছাত্রছাত্রী কারিগরি শিক্ষায় শিক্ষিত হয়ে নিজেদের ভবিষ্যৎ কর্মসংস্থানের পথ খুঁজে নিচ্ছে।

জর্জ তাদের এই উদ্যোগ পরিচালনা করছে আসাম, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা ও ঝাড়খন্ড বিভিন্ন উত্তর পূর্ব রাজ্যের বিভিন্ন কোচিং সেন্টার থেকে। ভারত সরকারের লক্ষ্য হল মোট ২৪ লাখ যুবক যুবতীদের এই কারিগরি শিক্ষায় উন্নত করে তাদের কর্মসংস্থানের দিশা দেখানো। এই প্রজেক্টে সামিল হয়েছে জর্জের মতো নামী শিক্ষা প্রতিষ্ঠান। এমনকী সরকার ওই কোর্সের সফল শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদানও করবে। প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার (PMKVY) এই পরিকল্পনাকে সফল করতে সচেষ্ট জর্জ টেলিগ্রাফ।

### সিমকার্ড ছাড়া ফোন আসছে ভারতের বাজারে! চমক টেসলার



সিমকার্ড ছাড়া স্মার্ট ফোন! তাও আবার সেটি ভারতের বাজারে পাওয়া যাবে। কী বিশ্বাস হচ্ছে না তো! শুধু তাই নয়, ওই মোবাইল ফোনে চার্জও দিতে হবে না। সেটি তৈরি করছে টেসলা বহুজাতিক সংস্থা। সোশ্যাল মিডিয়ায় এই নিয়ে কয়েকদিন ধরেই আলোচনা শুরু হয়ে গিয়েছে। টেসলারের কর্ণধার এক্স হ্যান্ডলের মালিক ইলন মাস্ক। তিনি এবার গাড়ির পাশাপাশি স্মার্ট ফোনের বাজার ধরতেও নামছেন। আর ওই মোবাইল হবে বিশেষত্বে ভরা।

চার্জ ছাড়া কোনওভাবেই ফোন চলতে পারে না। এই স্মার্টফোনে বিদ্যুৎ সংযোগ করে আপনাকে চার্জ দিতে হবে না কারণ এই ফোনে স্বয়ংক্রিয় চার্জ হবে। আলোর মাধ্যমে চার্জ হবে। সৌর শক্তি থেকে বিদ্যুৎ তৈরির প্রক্রিয়াকে কাজে লাগিয়ে চার্জিং সুবিধা থাকবে এই ফোনে। ফোনটি সূর্যের আলো ছাড়াও, সাধারণ আলোতে রাখলেও চার্জ হবে।

আরও অবাক করা বিষয়, ইন্টারনেটেরও প্রয়োজন হবে না এই ফোনে। পাইফোন সরাসরি ইলন মাস্কের স্টার-লিঙ্কের সাথে যুক্ত থাকবে। স্টারলিঙ্কের নিজস্ব একটি বিশ্বব্যাপী কভারেজ নেটওয়ার্ক আছে। স্টারলিঙ্ক হল স্যাটেলাইট বেস কানেকশন সিস্টেম। টেসলার এই ফোনে থাকবে ব্রেন কানেকটিভিটি চিপ। ফোনটির দাম ভারতীয় মুদ্রায় হবে প্রায় ২৫,০০০ টাকা। ভারতীয় বাজারে এই ফোন পাওয়া যাবে ২০২৫ সালের মধ্যেই।